# সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১৮২

২২/ সাওম [রোযা] (كتاب الصيام)

পরিচ্ছেদঃ ৩৩/ এ প্রসঙ্গে মুহাম্মাদ ইবন ইবরাহীম (রহঃ) সুত্রে হাদীস বর্ণনায় পার্থক্যের উল্লেখ

باب الاِخْتِلاَفِ عَلَى مُحَمَّدِ بْنِ إِبْرَاهِيمَ فِيهِ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ سَعْدِ بْنِ الْحَكَمِ، قَالَ حَدَّثَنَا عَمِّي، قَالَ حَدَّثَنَا نَافِعُ بْنُ يَزِيدَ، أَنَّ ابْنَ الْهَادِ، حَدَّثَهُ أَنَّ مُحَمَّدَ بْنَ إِبْرَاهِيمَ حَدَّثَهُ عَنْ أَبِي سَلَمَةَ، ـ يَعْنِي ابْنَ عَبْدِ الرَّحْمَنِ ـ عَنْ عَائِشَةَ، قَالَتْ لَقَدْ كَانَتْ إِحْدَانَا تُفْطِرُ فِي رَمَضَانَ فَمَا تَقْدِرُ عَلَى أَنْ تَقْضِيَ حَتَّى يَدْخُلَ شَعْبَانُ وَمَا كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَصُومُ فِي شَهْرٍ مَا يَصُومُ فِي شَعْبَانَ كَانَ يَصُومُهُ كُلَّهُ إِلاَّ قَلِيلاً بَلْ كَانَ يَصُومُهُ كُلَّهُ .

বাংলা

২১৮২। আহমদ ইবনু সা'দ (রহঃ) ... আয়িশা (রাঃ) থেকে বর্ণিত যে, আমাদের কেউ (ঋতু ইত্যাদির কারণে) রমযান মাসের সাওম (সিয়াম/রোজা/রোযা) পালন করতে পারত না এবং তার কাযা আদায় করার সূযোগ পাওয়ার পূর্বেই শা'বান মাস এসে যেত। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শা'বান মাসের মত অন্য কোন মাসে এত অধিক সাওম পালন করতেন না। তিনি অল্প কয়েক দিন ব্যতীত পুরো শা'বান মাসই সাওম পালন করতেন; বরং (বলতে গেলে) পুরো শা'বান মাসই সাওম পালন করতেন।

## English

It was narrated that Aishah said:
"One of us (women) would miss some fasts in Ramadan and she would not be able to make it up until Shaban began, and the Messenger of Allah did not fast in any month as he fasted in Shaban; he used to fast all of it, except a little, he used to fast all of it." '

ফুটনোট

[সহীহ। আত-তালীকুর রাগীব ২/৮০]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=21186

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন